৫৩

দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL. ৭ [illegible]-1999
পৃষ্ঠা ২ কলাম ৭



*কক্সবাজার ঃ বন্যায় ক্ষতিগ্রস্ত চকরিয়া পৌরসভার ফুলতলা-তরছঘাট সড়কটি কর্তৃপক্ষ মেরামতের ব্যবস্থা গ্রহণ না করায় স্কুল-কলেজের ছাত্ররা স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে সেটি মেরামত করে চলাচলের উপযোগী করে তোলে। ছবিতে ছাত্রদের মেরামত কাজে নিয়োজিত থাকার দৃশ্য*
*–ইনকি[illegible]*

# সমাজসেবায় একটি অনুকরণীয় উদ্যোগ

# চকরিয়ায় স্বেচ্ছাশ্রমে ছাত্রদের রাস্তা সংস্কার

**কক্সবাজার সংবাদদাতা ঃ** জেলার চকরিয়া থানায় সাম্প্রতিক বন্যায় রাস্তাঘাটের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। চকরিয়া পৌরসভার ফুলতলা-তরছঘাট সড়কটি তন্মধ্যে অন্যতম। স্থানীয় জনসাধারণ সড়কটি জরুরীভিত্তিতে মেরামতের জন্য পৌর কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে ব্যর্থ হওয়ায় স্থানীয় স্কুল-কলেজে পড়ুয়া ছাত্ররা একজোট হয়ে স্বেচ্ছাশ্রমের মাধ্যমে সড়কটির ভগ্নাংশ মেরামত কাজ সম্পন্ন করে চলাচল উপযোগী করে তুলেছে। বর্তমানে এ পথে চলাচলকারী হাজার-হাজার জনগণ শহীদ আবুল কালাম স্মৃতি পাঠাগারের এসব স্কুল-কলেজে পড়ুয়া ছাত্রদের প্রশংসায় পঞ্চমুখ। বর্তমান পরিবেশে এ বয়সের ছাত্ররা যেখানে কাটা বন্দুক-পিস্তল নিয়ে চাঁদাবাজি[illegible] লিপ্ত হচ্ছে, সেখানে জনতার চলাচল[illegible] দুর্দশা অবলোকন করে কোন সরকারী বা বেসরকারী সাহায্য ছাড়া স্বেচ্ছাশ্রমের মাধ্যমে বন্যায় ভেঙে যাওয়া সড়কটি মেরামত করে যে মহৎ উদ্যোগ ও সমাজসেবার বিরল দৃষ্টান্ত স্থাপন করেছে শহীদ আবুল কালাম স্মৃতি পা[illegible] সদস্যরা, তা দেশের [illegible] ছাত্রদের মাঝে সমাজসেবা ও [illegible] কাজে সত্যিই অনুপ্রেরণা যোগাবে।